

রাবির ভর্তি পরীক্ষায় ডিজিটাল জালিয়াতি আটক ৩

■ রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি
রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০১৩-১৪ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক/স্নাতক সন্ধান শ্রেণীতে ভর্তি পরীক্ষায় জালিয়াতির অভিযোগে তিন শিক্ষার্থীকে আটক করা হয়েছে। শুক্রবার সকাল ৯টায় 'ই' ইউনিটের বেজোড় ও সোয়া ১০টার সময় একই ইউনিটের জোড় রোল নম্বরের পরীক্ষার সময় তাদের আটক করা হয়। পরীক্ষার সময় শিক্ষকের সঙ্গে অসদাচরণ করার দায়ে এক শিক্ষার্থীকে বহিষ্কারও করা হয়।

আটককৃতরা হলেন- আসাদুর রহমান বাব্বী ও তরিকুল ইসলাম। তারা বগড়া থেকে পরীক্ষা দিতে এসেছিলেন। তারা দু'জনই সরকারি আজিজুল হক কলেজের মনোবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী। অপরাধন হলেন ইশতিয়াক আহমেদ। তাকে বিশ্ববিদ্যালয়ের তৃতীয় বিজ্ঞান ভবন থেকে আটক করা হয়। বহিষ্কৃত শিক্ষার্থীর নাম বায়েজিদ আহমেদ। তার বাড়ি খুলনায়।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক তারিকুল হাসান সমকালকে জানান, আটককৃত পরীক্ষার্থীরা উচ্চমানের ইলেকট্রনিক ডিভাইস হাতে বেধে কানে ইয়ারফোনের মাধ্যমে বাইরের একটি দক্ষ দলের সঙ্গে যোগাযোগ করে উত্তরপত্র পূরণ করছিলেন। আটককৃতদের থানা হেফাজতে রাখা হয়েছে। উদ্বাস্থ্যে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন নগরীর মতিহার থানার দায়িত্বপ্রাপ্ত ওসি শায়সুর নূর।

আটক আসাদুর রহমান সাংবাদিকদের জানান, বগড়া আজিজুল হক কলেজের আরিফ নামের এক বড় ভাই তাকে এ পরামর্শ দেন। পরীক্ষা চলাকালে তাদের একজন প্রশ্নসহ বাইরে বের হয়ে আসেন। তারপর ওই প্রশ্ন দেখে ওই বড়ভাই উত্তর মোবাইল ডিভাইসের মাধ্যমে তার কাছে পাঠাচ্ছিলেন। আসাদুর কেবল ক্রমিক নম্বর অনুযায়ী উত্তর দিয়ে যাচ্ছিলেন।